কোটচাঁদপুরে বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির চেয়ারপার্সন সাবেক সফল প্রধানমন্ত্রী গণতন্ত্রের মা, দেশনেত্রী বেগম খালেদা জিয়ার রোগ মুক্তি কামনায় আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

কোটচাঁদপুর উপজেলা বিএনপির আয়োজনে বুধবার বিকালে মেইন বাস স্ট্যান্ডে উপজেলা বিএনপির দলীও কার্যালয়ে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

উপজেলা বিএনপির সহ-সভাপতি মোঃ মিজানুর রহমান লাভলুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সভাপতি অধ্যাপক আব্দুর রাজ্জাক।

এ সময় সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান একরামুল হক, উপজেলা বিএনপির সহ-সভাপতি মোঃ সাইফুর রহমান সাংগঠনিক সম্পাদক মোঃ হারুন আর রশিদ, বলুহর ইউনিয়ন বিএনপির সভাপতি মোঃ আশরাফ, উপজেলা যুবদলের আহ্বায়ক আশরাফুজ্জামান খান মুকুল, উপজেলা যুবদলের সদস্য সচিব মাহফুজুর আলম মামুন,উপজেলা স্বেচ্ছাসেবক দলের মোঃ হাফিজুর রহমান, সাবেক ছাত্রনেতা মোঃ তাহের, উপজেলা ছাত্রদলের সদস্য সচিব হুমায়ুন কবির হিরা ও বিএনপি সহ সকল অঙ্গ সংগঠনের নেতা-কর্মী উপস্থিত ছিলেন। শেষে সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনায় দোয়া অনুষ্ঠান পরিচালনা করেন বাজার মসজিদের ইমাম মোঃ আল আমিন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উপজেলা বিএনপির দপ্তর সম্পাদক মোঃ শহিদুল ইসলাম ভূঁইয়া।

ঝিনাইদহে জাতীয় শোক দিবস উপলক্ষে গ্রামীণ ব্যাংকের বৃক্ষরোপণ কর্মসূচি

১৫আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে ঝিনাইদহে গ্রামীণ ব্যাংকের উদ্যোগে বৃক্ষরোপন কর্মসূচি উদ্বোধন করা হয়েছে ।

আজ সোমবার (১৪ আগষ্ট) সকালে দেশব্যাপী বৃক্ষরোপন কর্মসূচি ২০২৩ এর আওতায় গ্রামীণ ব্যাংক ঝিনাইদহ জোনের মহারাজপুর এলাকার আওতাধীন বিষয়খালী শাখার পাগলা কানাই ইউনিয়নের বেড়বাড়ি গ্রামের ৪৮ নং কেন্দ্রর মিটিং শেষে বৃক্ষরোপন করা হয়। এই কেন্দ্রর সকল সদস্যদের মাঝে ১০০ টি ফলজ গাছের চারা বিতরণ করা হয়।

মহারাজপুর শাখার ব্যবস্থাপক মোঃ সিদ্দিকুর রহমানের সভাপতিত্বে উপস্থিত থেকে ঝিনাইদহ যোনের জোনাল ম্যানেজার মজিবুর রহমান ও এরিয়া ম্যানেজার এস এম গফুর উদ্দিন এর উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন ঘোষণা করেন ।

বৃক্ষপরাপণ কর্মসূচীর উদ্বোধন শেষে গ্রামীণ ব্যাংক ঝিনাইদহ যোনের জোনাল ম্যানেজার মজিবুর রহমান বলেন, বর্তমান পরিবেশের এই সংকটকালীন সময়ে বৃক্ষরোপণ এর বিকল্প কিছু নাই। সারা দেশকে একটি বাসযোগ্য পরিবেশ এর আওতায় আনতে বেশি বেশি করে ফলজ ও বনজ গাছের চারা রোপণ করে এর সঠিক পরিচর্যা নিশ্চিত করতে হবে।

তিনি সদস্যদের উদ্দ্যেশে বলেন, আপনার সন্তানকে যেভাবে লালন পালন করেন ঠিক একইভাবে আপনাদের এই গাছকে পরিচর্যা করতে হবে তাহলে আপনার দুর্দিনের সঙ্গী হয়ে দাঁড়াবে ।

অনুষ্ঠানে মহারাজপুর শাখার সেকেন্ড ম্যানেজার তরিকুল ইসলাম বলেন আমাদের এই পরিবেশের দুর্দিনে গাছের কোন বিকল্প নাই তাই বেশী বেশী করে গাছ লাগান এবং পরিবেশ বাঁচান। এই সময় বিষয়খালী শাখার কর্মরত সকল কর্মকর্তা উপস্থিত ছিলেন।

এছাড়া বেড়বাড়ি গ্রামের ৪৮ নং শাখায় ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে শহীদদের উদ্দ্যেশে ১মিনিট নিরাবতা পালন করে বৃক্ষরোপণ কর্মসূচীর উদ্বোধন ঘোষণা করা হয়েছে।

ঝিনাইদহে তথ্য অফিসের উদ্যোগে নারী সমাবেশ অনুষ্ঠিত

স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ এবং মাদকাসক্তি, আত্মহত্যা ও বাল্যবিবাহ প্রতিরোধে জনগণকে সচেতন ও উদ্বুদ্ধ করার লক্ষ্যে জেলা তথ্য অফিস ঝিনাইদহ এর আয়োজনে কালীগঞ্জ উপজেলার কালুখালী সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে নারী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

জেলা তথ্য অফিসার মোঃ আবুবকর সিদ্দীকের সভাপতিত্বে অনুষ্ঠিত এ নারী সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-৪ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য মোঃ আনোয়ারুল আজীম (আনার)।

সমাবেশে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ঝিনাইদহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক গোলক মজুমদার, কালীগঞ্জ উপজেলা শিক্ষা অফিসার মোঃ মাহমুদ হাসান ও সহকারী উপজেলা শিক্ষা অফিসার শাহানাজ পারভীন।

প্রধান অতিথির বক্তব্যে জাতীয় সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনের একমাত্র কামনা ছিলো বাংলাদেশের মানুষ যেন খাদ্য পায়, আশ্রয় পায় এবং উন্নত জীবনের অধিকারী হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনাও একইরূপ স্বপ্ন দেখেন। তিনি এদেশের মানুষের খাদ্য, বস্ত্র, বাসস্থান, শিক্ষা ও স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। বিশেষ এদেশের নারী সমাজের উন্নয়নে প্রধানমন্ত্রী শেখ হাসিনা নানাবিধ যুগান্তকারী পদক্ষেপ গ্রহণ করেছেন। তিনি বক্তব্যে বিভিন্ন ক্ষেত্রে সরকারের সাফল্য তুলে ধরেন।

অন্যান্যের মধ্যে বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সভাপতি মোঃ ওয়াহিদুজ্জামান বক্তব্য প্রদান করেন। এ নারী সমাবেশে বিভিন্ন শ্রেণি-পেশার দুই শতাধিক নারী অংশগ্রহণ করেন।

কোটচাঁদপুরে বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিবের জন্মবার্ষিকী পালন

ঝিনাইদহের কোটচাঁদপুরে উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের আয়োজনে মঙ্গলবার (৮ আগষ্ট) সকালে উপজেলা পরিষদ মিলনায়তনে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের (৯৪)তম জন্মবার্ষিকী উদযাপন করা হয়।

অফির্সাস ক্লাব মিলনায়তনে উপজেলা নির্বাহী অফিসার উছেন মে’র সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আওয়ামীলীগ সভাপতি ও উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি।

উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি খাতুন, বীর মুক্তি যোদ্ধা সাবেক কমান্ডার তাজুল ইসলাম, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নিরুপমা রায়, মডেল থানার অফিসার ইনচার্জ মঈন উদ্দিন,উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ফারজেল হোসেন মন্ডল, উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার আব্দুর রশিদ, উপজেলা প্রকৌশল মিজানুর রহমান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার অশোক সরকার, কৃষি অফিসার রাজিবুল হাসান, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জহুরুল ইসলাম, মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম, প্রাণী সম্পদ কর্মকর্তা জিল্লুর রহমান, সাফদারপুর ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল মান্নান, এলাঙ্গী ইউনিয়ন চেয়ারম্যান মিজানুর রহমান খান,দোড়া ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল জলিল বিশ্বাস, বলুহর ইউনিয়ন সাবেক চেয়ারম্যান আব্দুল মতিন, কোটচাঁদপুর রিপোর্টার্স ইউনিটির সাধারণ সম্পাদক আব্দুল্লাহ বাশার, সহ বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিক ও উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা- কর্মচারীবৃন্দ,পরে বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিব এর জন্ম বার্ষিকী উপলক্ষে প্রশিক্ষিত দুস্থ নারীদের মাঝে সেলাই মেশিন ও নগদ অর্থসহায়তা প্রদান এবং বঙ্গমাতা সংকটে সংগ্রামে নির্ভিক সহযাত্রী শীর্ষক আলোচনা সভা ও দোয়া করা হয়।

কোটচাঁদপুর জনসচেতনতা মূলক আলোচনা সভা

নকল ভেজাল ঔষধ সংক্রান্ত জনসচেতনতা মূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার কোটচাঁদপুর মুক্তিযোদ্ধা কমপ্লেক্সে এ সভা করা হয়।

কোটচাঁদপুর উপজেলার কেমিস্ট এন্ড ড্রাগিষ্টস সমিতির সভাপতি সোহরাব হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহের ঔষধ তত্বাবধায়ক সিরাজুম মনিরা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেমিস্ট এন্ড ড্রাগিষ্টের কেন্দ্রীয় পরিচালক আক্তারুজ্জামান আক্তার,সংগঠনের ঝিনাইদহ জেলার সভাপতি রফিকুল ইসলাম সোম,ঝিনাইদহের সিনিয়র সহসভাপতি মোস্তাকিবুর রহমান ঝন্টু,সমিতির কোটচাঁদপুর শাখার সাধারণ সম্পাদক মালিক তবিবুর রহমান।

সভায় নকল ভেজাল ঔষধ সংক্রান্ত বিষয় নিয়ে গুরুত্বপূর্ণ বক্তব্য রাখেন অনুষ্ঠানের প্রধান অতিথি। সভায় উপজেলার দুই শতাধিক কেমিস্ট এন্ড ড্রাগিষ্ট সমিতির সদস্য উপস্থিত ছিলেন।

সভা শেষে মহ্নাহ ভোজে যোগ দেন সবায়। সার্বিক অনুষ্ঠানটি সঞ্চালনায় ছিলেন, কেমিস্ট এন্ড ড্রাগিষ্ট সমিতির সহসভাপতি হাসানুজ্জামান ডাবলু।

কোটচাঁদপুরে সনাতন ধর্মা ছেড়ে

ইসলাম ধর্ম গ্রহণ

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার এলাঙ্গী ইউনিয়নে বাগডাংগা গ্রামের শ্রীঐর্শিন দাসের ছেলে শ্রী অসিত দাস (৩২) নামে এক জন ইসলাম ধর্ম গ্রহন করেছেন। তার বর্তমান নাম মোঃ ওসমান গনি।

রবিবার স্থানীয় মৌলভী সাহেবের কাছে তওবা পাঠ করে আগের হিন্দু সনাতন ধর্ম ত্যাগ করে লা-ইলাহা ইল্লাল্লাহু মুহাম্মাদুর রাসুলুল্লাহ কালেমা পড়ে ইসলাম ধর্ম গ্রহণ করেন।

কোটচাঁদপুর পৌর এলাকার কলেজ স্টান্ড বক চত্বরের সামনে একটি সেলুনের দোকান আছে। তার হিন্দু ধর্ম থেকে ইসলাম ধর্ম গ্রহণের ইতিহাস ও মনোভাব জানতে চাইলে তিনি বলেন, আমার দোকানের পাশ দিয়ে প্রতিদিন মুসল্লী,রা দল বেঁধে মসজিদে নামাজ পড়তে যেতে দেখে হঠাৎ করে একদিন আমি সিদ্ধান্ত নিলাম কত সুন্দর ধর্ম এই ইসলাম ধর্ম তার প্রতি আকৃষ্ট হয়ে গেলাম। আকৃষ্ট হয়ে বিভিন্ন লোকের কাছ থেকে পরামর্শ নিতে থাকলাম।

পরামর্শ নিয়ে হঠাৎ আজ সিদ্ধান্ত নিয়ে মুসলমান হয়ে গেলাম আলহামদুলিল্লাহ। ইসলাম ধর্ম গ্রহণ করে আজ আমি আনন্দ উপভোগ করছি। আমার দোকানের আশপাশে যেসব দোকানদার আছেন তারা আমার মুসলমান হওয়া শুনে খুব খুশি হয়েছেন। মসজিদে জোহরের নামাজ আদায় করতে দেখে ইমাম, মোয়াজ্জিম সহ মুসল্লিরা খুব খুশি হয়েছেন। তারা আমাকে বলেছেন কোন সহযোগিতা লাগলে বলতে। সকল দোকানদাররা মিলে সাহায্য করবেন বলে আমাকে জানিয়েছেন।

এমনটাই বলেছেন আমার হিন্দু ধর্ম থেকে ইসলাম ধর্ম গ্রহণ করার কারনে যদি সংসার চালাতে কোন সহযোগিতা লাগে সেটাও করবেন পাশের সকল দোকানের মালিকগন। বিজ্ঞ নোটারি পাবলিকের যশোর কার্যালয় থেকে এভিডেভিট করে ইসলাম ধর্মে নাম লেখান। এর ৩ মাস আগে স্ত্রী, এক ছেলে এক কন্যা ইসলাম ধর্ম গ্রহণ করেন বলে জানান মোঃওসমান গনি।

ঝিনাইদহ সুন্দরবন কুরিয়ার সার্ভিসের আমের বস্তায় ৯ কেজি গাঁজা আটক ১

ঝিনাইদহ শহরের সুন্দরবন কুরিয়ার সার্ভিসে আসা আমের বস্তা থেকে প্রায় ৯ কেজি গাঁজা উদ্ধার করেছে ঝিনাইদহ গোয়েন্দা পুলিশের সাইবার ইনভেস্টিগেশন টিম। উদ্ধারকৃত গাঁজার মুল্য ৫ লাখ ৮৫ হাজার টাকা।

রবিবার দুপুরে শহরের এইচএসএস সড়কের সুন্দরবন কুরিয়ার সার্ভিস থেকে গাঁজাসহ পলি খাতুন নামে এক পাচারকারীকে আটক করা হয়। পলি খাতুন মাগুরার বুজরুক শ্রীকুন্ডি গ্রামের পিকুল বিশ্বাসের মেয়ে। তার স্বামীর নাম ফরিদ হোসেন।

গ্রেফতারের পর পুলি পুলিশকে জানিয়েছেন, জয়নাল নামে মাগুরার এক ব্যক্তি খাগড়াছড়ি থেকে তার নামে আমের সঙ্গে ৯ কেজি গাঁজা পাঠিয়ে দেয়। অর্থের বিনিময়ে তিনি এই গাঁজার গন্তব্যে পৌছে দিতে গতকাল রবিবার দুপুরে আমের বস্তা রিসিভ করতে আসেন।

ঝিনাইদহ জেলা গোয়েন্দা পুলিশের ওসি শাহিন উদ্দীন জানান, পুলিশ সুপার আজিম উল আহসান মহোদয়ের সার্বিক তত্বাবধানে গোপন সূত্রে খবর পেয়ে ডিবি পুলিশের এসআই খালিদ হাসান, এসআই রবিউল ইসলাম ও এএসআই ইকলাছুর রহমানের নেতৃত্বে একদল পুলিশ ঝিনাইদহ সুন্দরবন কুরিয়ার সার্ভিসে অভিযান চালায়।

অভিযানকালে আমের বস্তা থেকে ৯ কেজি গাজা উদ্ধারসহ ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে পলি খাতুন নামে এক নারীকে আটক করে। এ ঘটনায় ঝিনাইদহ সদর থানায় মাদক আইনে একটি মামলা।

ঝিনাইদহে নিজ ঘর থেকে যুবকের অর্ধগলিত মরদেহ উদ্ধার

ঝিনাইদহ সদর উপজেলার চন্ডিপুর গ্রামে নিজ ঘর থেকে ইয়াছিন সরকার
(২৭) নামে এক যুবকের অর্ধগলিত মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

রবিবার (৬ জুলাই) দুপুরে এই মরদেহ উদ্ধার করা হয়। ইয়াছিন সরকার একই গ্রামের ইউনুছ সরকারের ছেলে।

স্থানীয়রা জানায়, কয়েকদিন আগে ঢাকায় যাওয়ার কথা বলে তার বাবার কাছ থেকে টাকা নেয় ইয়াছিন। এরপর থেকে সে নিখোঁজ ছিল। এদিকে ইয়াছিনকে টাকা দেওয়া পরে সপ্তাহ খানেক হলো তার বাবা-মা ঝিনাইদহ শহরে আরেক ছেলের বাসায় বেড়াতে যান। রবিবার সকালে পথচারী ও গ্রামবাসীরা ওই বাড়ি থেকে দুর্গন্ধ পেয়ে ইয়াছিনের বাবা ইউনুছ সরকারকে খবর দেয়। খবর পেয়ে বাড়িতে এসে ঘরের দরজা বন্ধ দেখে পরিবারের লোকজন পুলিশে খবর দেয়। পরে পুলিশ ঘটনাস্থলে এসে ইয়াছিনের মরদেহ উদ্ধার করে।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মো. সোহেল রানা জানান, চন্ডিপুর গ্রামে ঘরের ভেতরে যুবকের মরদেহ পড়ে আছে এমন খবরে সেখানে পুলিশ পাঠানো হয়। নিহতের মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। ময়নাতদন্তের পর জানা যাবে এটা হত্যা না আত্মহত্যা।

ঝিনাইদহের কালীগঞ্জে বিদ্যুৎস্পৃষ্টে কলেজ ছাত্রের মৃত্যু

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার তৈলকুপী গ্রামে বিদ্যুৎস্পৃষ্টে হাসান আলী (২০) নামের এক কলেজ ছাত্রের মৃত্যু হয়েছে। গতকাল

বুধবার রাত ১১ টার দিকে এ দুর্ঘটনা ঘটে। মৃত হাসান আলী ওই গ্রামের বাদশা মিয়ার ছেলে।

স্থানীয়রা জানায়, কালীগঞ্জের সরকারী মাহাতাব উদ্দিন ডিগ্রী কলেজের ছাত্র হাসান আলী রাতে বাড়ির পাশের জমিতে থাকা সেচ পাম্পের মোটর চালু করতে যায়। সেসময় বিদ্যুতায়িত হয়ে সেখানে পড়ে যায়। সেখান থেকে তাকে উদ্ধার করে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে।

কালীগঞ্জ থানার ওসি মাহবুবুর রহমান জানান, বিদ্যুৎস্পৃষ্টে এক কলেজ ছাত্রের মৃত্যু হয়েছে। তার মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

সাংবাদিকদের সাথে ঝিনাইদহের নবাগত পুলিশ সুপারের মতবিনিময়

ঝিনাইদহে কর্মরত প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকদের সাথে মতবিনিময় করেছেন নবাগত পুলিশ সুপার আজিম-উল-আহসান।

বুধবার (২আগস্ট) সকালে পুলিশ সুপারের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। সেসময় পুলিশ সুপার আজিম-উল-আহসান, অতিরিক্ত পুলিশ সুপার আনোয়ার সাঈদ, ইমরান জাকারিয়া, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মীর আবিদুর রহমান, ডিআইও ওয়ান আতিকুর রহমান, সদর থানার ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা, ডিবি ওসি শাহীন উদ্দিনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

মতবিনিময় সভায় ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, সাধারণ সম্পাদক মাহমুদ হাসান টিপু, সিনিয়র সাংবাদিক বিমল কুমার সাহা, নিজাম উদ্দিন জোয়ারদারসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

নবাগত পুলিশ সুপার আজিম-উল-আহসান, ঝিনাইদহ থেকে মাদক, সন্ত্রাস, আত্মহত্যা, কিশোরগ্যাং, সুদে কারবারীসহ সকল প্রকার অন্যায় অপরাধ দুর করতে পুলিশ বিভাগকে সহযোগিতা করার আহ্বান জানান।

সাংবাদিকদের প্রশ্নের জবাব দিতে গিয়ে তিনি সকলের প্রচেষ্টা এবং সময় কার্যকরি উপদেশকে কাজে লাগিয়ে ঝিনাইদহকে ভালো রাখতে চাই। সামাজিক নানান সমস্যা সামাজিক আন্দোলনের মাধ্যমেই সমাধান করার চেষ্টা করতে হবে বলেও তিনি আশাবাদ ব্যক্ত করেন।